যুগান্তর

তারিখ 06 MAY 2016
পৃষ্ঠা 2 কলাম ৪

# শিক্ষকের তালিকা নিবন্ধনের সময় ৭ দিন বেড়েছে

যুগান্তর রিপোর্ট

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষকের শূন্যপদ ও তালিকা নিবন্ধনের সময় ৭ দিন বেড়েছে। আগামী ১৪ মে'র মধ্যে এই দুটি তথ্য জাতীয় শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) ওয়েবসাইটে নিবন্ধন করতে হবে। বুধবার রাতে শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এনটিআরসিএ সূত্র জানায়, এই তথ্য নেয়ার পর শূন্যপদে ইতিপূর্বে ৬টি নিবন্ধন পরীক্ষায় পাস করা প্রার্থীদের কাছ থেকে অনলাইনে আবেদন আহ্বান করা হবে। যারা শিক্ষক হিসেবে চাকরি করতে আগ্রহ প্রকাশ করবেন কেবল তাদের মধ্য থেকে উপজেলাভিত্তিক তালিকা প্রকাশ করা হবে।